

3 (Sem-1) BEN L

Bijni College Library
P.O.-Bijni, Dist.-Chirang
(B.T.A.D) Assam.

2 0 1 2

ELECTIVE BENGALI

Full Marks : 60

Time : 2½ hours

The figures in the margin indicate full marks
for the questions

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭
- (ক) কালকেতু কোন্ বনে পশু শিকার করতেন ?
- (খ) “আজি হইতে হইলে তুমি লঙ্কার রাবণ ।” এখানে কাকে
‘লঙ্কার রাবণ’ বলা হয়েছে ?
- (গ) ফুল্লরার পিতার নাম কী ?
- (ঘ) কে স্বর্গ থেকে শিবের অভিষাপে কালকেতু হয়ে জন্মগ্রহণ
করেছিলেন ?
- (ঙ) “ভারত —খ্যাত আপনার গুণে ।”
(শূন্যস্থান পূর্ণ করো)
- (চ) ব্যাসদেব দ্বিতীয় কাশী নির্মাণ করে তার নাম কী রাখতে
চেয়েছিলেন ?
- (ছ) “শুনিলি বিজয়া জয়া বুড়াটির বোল ।
আমি যদি কই তবে হবে গণ্ডগোল ॥” ‘জয়া’ কে ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=

(ক) “পিপিড়ার পাক উঠে মরিবার তরে ।
কাহার সোলস্যা কন্যা আনিয়াছ ঘরে ॥”

কে, কাকে একথা বলেছিলেন ?

(খ) বিয়ের সময় কালকেতু কী কী যৌতুক লাভ করেছিলেন ?

(গ) “ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে ।
হেন বর কেমন আনিলি চক্ষু খেয়ে ॥”

একথা কে বলেছিলেন ? এখানে ‘বর’ কে ?

(ঘ) ‘অন্নদামঙ্গল’-এ উল্লিখিত ভবানন্দ মজুমদারের পরিচয় কী ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

(ক) মুকুন্দ চক্রবর্তীর ‘চণ্ডীমঙ্গল’ কাব্যে ‘কবির আত্মপরিচয়’
অংশের বৈশিষ্ট্য আলোচনা করো ।

(খ) ব্যাখ্যা করো :

“আছিলাও একাকিনী বসিয়া কাননে ।
আনিল তোমার স্বামী বান্ধি নিজ গুণে ॥”

(গ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের ‘রতিবিলাপ’ অংশের বিলাপ বর্ণনার
বৈশিষ্ট্য সম্বন্ধে সংক্ষেপে আলোচনা করো ।

(ঘ) “যে হৌক সে হৌক ভাষা কাব্যরস লয়ে ।” ‘অন্নদামঙ্গল’ কাব্য অবলম্বনে কবির এই মন্তব্যটির সারবত্তা প্রতিপন্ন করো ।

(ঙ) ব্যাখ্যা করো :

“নগর পুড়িলে দেবালয় কি এড়ায় ।
বিস্তর ধার্মিক লোক ঠেকে গেল দায় ॥”

৪। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১০×৩=৩০

- (ক) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের কালকেতু চরিত্রটি বিশ্লেষণ করো ।
- (খ) “মুকুন্দরাম চক্রবর্তীর কাব্যে সাহিত্য-সমালোচকেরা উপন্যাসের লক্ষণ খুঁজে পেয়েছেন ।” বিশদভাবে আলোচনা করে এ-সম্পর্কে তোমার অভিমত ব্যক্ত করো ।
- (গ) ‘চণ্ডীমঙ্গল’ কাব্যের ‘ফুল্লরার বারমাস্যা’ অংশের তাৎপর্য বিশ্লেষণ করো ।
- (ঘ) ‘অন্নদামঙ্গল’ কাব্যের মহাদেব চরিত্রটির বৈশিষ্ট্য আলোচনা করো ।
- (ঙ) ‘অন্নদামঙ্গল’ কাব্যে সমাজজীবনের যে চিত্র ফুটে উঠেছে, উদাহরণসহযোগে তার বর্ণনা দাও ।
- (চ) “কেউ বলেন ভারতচন্দ্র আদীরসের কবি, কেউ বলেন তিনি হাস্যরসের কবি ।” এ-বিষয়ে তোমার মতামত ব্যক্ত করো ।

★ ★ ★